০৯.	কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে **(নির্দেশনা নং-৯)**	২৪/৮/২০১৪ খ্রি.	‡ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট , ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একীভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।	প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিষয়ে গত ০২-০৬-২০১৫ এবং ১৯-১০-২০১৫ তারিখে ২টি সভা অনুষ্ঠিত হয়। ১৯-১০-২০১৫ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের মধ্যে ক ও গ সিদ্ধান্ত ছিল নিম্নরূপ: (ক) সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন কপিরাইট অফিস ও শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর বিদ্যমান সাংগঠনিক ও প্রশাসনিক কাঠামো-বিন্যাসে থেকেই ডাটাবেইজ ও সফটওয়্যারভিত্তিক সমন্বিত অটোমেশনের মাধ্যমে (Linked Database alongwith Software Based Automation) সেবা প্রদান পদ্ধতি প্রবর্তন করবেন। উভয় প্রতিষ্ঠানের প্রধানগণ সামগ্রিক প্রক্রিয়া সমন্বয়সহ পারস্পরিক তথ্য আদান প্রদান Information Sharing) অবারিত হওয়ার বিষয়টি নিশ্চিত করবেন। (গ) কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একই ভবনে সংস্থাপনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের ডিজাইন ও ড্রইং সংশোধন করে একটি অনন্য নকশা (Unique design) প্রণয়ন করতে হবে। ‡ উপর্যুক্ত ‘ক’ সিদ্ধান্ত অনুযায়ী উভয় অফিস বিদ্যমান সাংগঠনিক ও প্রশাসনিক কাঠামো-বিন্যাসে থেকেই ডাটাবেইজ ও সফটওয়্যারভিত্তিক সমন্বিত অটোমেশনের মাধ্যমে সেবা প্রদান কাযক্রম ইতোমধ্যে চালু করেছে। ‡ অন্যদিকে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের জন্য নির্ধারিত জমির বিষয়ে মহামান্য আদালতে মামলা (রিট পিটিশন নং ৫৬০৮/২০১৭) থাকায় এবং অন্যান্য কতিপয় কারণে উপর্যুক্ত ‘গ’ সিদ্ধান্ত অনুযায়ী এখনও কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। উক্ত রিট মামলা মহামান্য হাইকোর্ট বিভাগে গত ১৩/১১/২০১৯ তারিখে শুনানি হয়েছে। পরবর্তী শুনানির সময় ০৪/১২/২০১৯ তারিখে ধার্য থাকলেও ঐদিন শুনানি হয়নি। পরবর্তী শুনানির জন্য অপেক্ষাধীন রয়েছে। মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট চারটি দপ্তর ডিপিডিটি, এনপিও, বয়লার এবং এসএমই ফাউন্ডেশন সম্মিলিতভাবে মামলা মোকাবেলার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে। মহামান্য হাইকোর্ট বিভাগে বিজ্ঞ এটর্নি জেনারেল এর দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	ডিপিডিটি
১০.	শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/ কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে **(নির্দেশনা নং-১০)**	২৪/৮/২০১৪ খ্রি.	**বিএসটিআই :** ‡ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিএসটিআই এর প্রারম্ভিক ০৩টি ক্যাটাগরির পদ যথা: পরীক্ষক (৫৯টি) ,ফিল্ড অফিসার (৬৮টি), পরিদর্শক (৬৫টি) পদের পদমর্যাদা ও বেতন স্কেল প্রথম শ্রেণিতে উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়েছে।	**বিএসটিআই :** শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিএসটিআই’র কারিগরী ক্যাটাগরির ১০ম ও ১১তম গ্রেডের (দ্বিতীয় শ্রেণীর) ৩ (তিন)টি পদ যথা:-পরীক্ষক (৬৯টি), ফিল্ড অফিসার (৭৫টি), পরিদর্শক (৭৫টি) সহ সর্বমোট ২১৯টি পদের পদমর্যাদা ও বেতন স্কেল ৯ম গ্রেডে (প্রথম শ্রেণী) উন্নীতকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রস্তাব অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হয় এবং গত ০৪-০৮-২০২০ তারিখে সংশোধিত আকারে সম্মতিপত্র জারি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির আলোকে শিল্প মন্ত্রণালয় থেকে ২৮/১০/২০২০ তারিখ জিও জারি করা হয়েছে।	সকল দপ্তর/ সংস্থা

			বিএবি: বিএবি'র ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।	**বিএবি:** বিষয়টিতে আর্থিক সংশ্লেষ থাকায় শিল্প মন্ত্রণালয়ে গত ১৮/০৩/২০১৯ তারিখে অর্থ বিভাগে সম্মতির জন্য পত্র প্রেরণ করে। পরবর্তীতে ১৭/০৪/২০১৯ তারিখে অর্থ বিভাগ থেকে প্রণোদনা প্রদান বিষয়ক কিছু তথ্য চাওয়া হয়। গত ২২/০১/২০২০ তারিখে অর্থ মন্ত্রণালয় কর্তৃক চাহিত বিস্তারিত তথ্যাদি শিল্প মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক গত ১৯/০৩/২০২০ তারিখের ৩৮ নং স্মারকের মাধ্যমে এ বিষয়ে অসম্মতি জ্ঞাপন করা হয়। এ বিষয়ে যথাযথ যৌক্তিকতাসহ অর্থ বিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
১১.	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে **(নির্দেশনা নং-১১)**	২৪/৮/২০১৪ খ্রি.	**বিসিআইসি:** ১। বিআইএসএফ লিঃ এ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ। ২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ। **<u>বিসিক:</u>** শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশি ও বিদেশি মেলার আয়োজন ও অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।	**বিসিআইসি:** ১। বিআইএসএফলিঃ এ স্বয়ংক্রীয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ : ● উৎপাদিত স্যানিটারীওয়্যারের মান উন্নয়নে মূলধনী খাতে স্বল্পমেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ১৭টি মেশিনারিজের মধ্যে ৬টির সরবরাহ, Installation এবং Commissioning সম্পন্ন হয়েছে। বাকী ১১টি মেশিনারিজের মধ্যে Universal Testing Machine কারখানায় পৌঁছানো হয়েছে। ১০/০৩/২০২০ তারিখে মেশিনটি Installation শেষ করা হয়েছে। Commissioning এর কাজ চলছে। ২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পূরুত্ব নিয়ন্ত্রন: পেপারের মান উন্নয়নে যন্ত্রপাতি প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন হলেও কারখানার আর্থিক সংকটের কারণে তা সম্ভব হচ্ছে না। কারখানার বার্ষিক উৎপাদন উন্নীতকরণ/নতুন কাগজকল স্থাপনের লক্ষ্যে গত ০২/৪/২০১৯ তারিখে M/S China National Machinery Import & Export Corporation (CMC) এবং BCIC এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। গত ০৬/০৭/২০২০ তারিখে সভার আলোচনার প্রেক্ষিতে কিছু বিষয় স্পষ্টিকরণের জন্য ২৬/০৭/২০২০ তারিখে পরিকল্পনা বিভাগ থেকে পত্র প্রেরণ করা হয়েছে। সে মোতাবেক ১৪/০৮/২০২০ তারিখে CMC,China তাদের মতামত প্রেরণ করেছে। প্রাপ্ত মতামত পর্যালোচনা করে শিল্প মন্ত্রণালয়কে ৩০/০৮/২০২০ তারিখে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় ০৩/০৯/২০২০ তারিখে পত্রের মাধ্যমে CMC,China এর সাথে MOU এর মেয়াদ ৬(ছয়) মাস বৃদ্ধি করেছে বলে জানিয়েছেন। CMC,China গত ০৪/১০/২০২০ তারিখ থেকে আরো ০১(এক) বছর মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেছে। বিষয়টি ১৪/১০/২০২০ তারিখের পত্র দ্বারা শিল্প মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। ‡ বিসিআইসি'র কারখানাসমূহে উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে উদ্বৃত থাকে না বিধায় রপ্তানি করা হয় না। **<u>বিসিক:</u>** ১৪টি, মেলার অংশগ্রহণের লক্ষ্যমাত্রা ১৩৬টি, ক্রেতা বিক্রেতা সম্মেলন এবং পণ্য মেলার আয়োজনের লক্ষ্যমাত্রা ০৪টি, বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ০৮টি বিভাগীয় শহরে ১০ দিন ব্যাপি এবং বাকি ৫৬ টি জেলা শহরে ০৭ দিন ব্যাপি "বিসিক শিল্প মেলা" আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের জন্য ঐক্য ফাউন্ডেশন এবং বিসিকের মধ্যে ২৩-০৭-২০২০ তারিখ স্বাক্ষরিত হয়েছে। এর ফলে উদ্যোক্তারা ঐক্য ফাউন্ডেশনের অনলাইন	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/ বিসিক/ বিএসইসি/ বিএসএফআইসি

			বিএসইসি: ‡ গবেষণা সেল গঠন। সুনির্দিষ্ট মাকেটিং কৌশলপত্র প্রণয়ন করা হয়েছে **বিএসএফআইসি:** কেরু অ্যান্ড কোং (বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণের হার হ্রাস পাওয়ার কারণ খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানির লক্ষ্যে গবেষণা কার্যক্রমের জন্য শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের প্রফেসর ড. আবু ইউসুফ এর সাথে গত ০১/০৮/২০১৯ তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে।	মার্কেটিং প্লাটফর্ম www.oikko.com.bd এর মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করতে পারবেন। ২০২০-২০২১ অর্থবছরের অক্টোবর মাস হতে মেলা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ১৮-২২ অক্টোবর পর্যন্ত হেমন্ত মেলা আয়োজন করা হয়েছে। পরিস্থিতি বিবেচনা করে ধারাবাহিকভাবে মেলা আয়োজন করা হবে। **বিএসইসি :** দেশীয় ক্রেতা সাধারণের নিকট বিক্রি, বৈদিশিক ক্রেতার দৃষ্টি আকর্ষণ ও বাজারজাতকরণের লক্ষ্যে বিভিন্ন মেলায় অংশগ্রহণপূর্বক বিএসইসি'র উৎপাদিত পণ্যসমূহ প্রদর্শন করা হয়। **বিএসএফআইসি:** ➢ কোভিড-১৯ এর কারণে সামগ্রিক গবেষণা কার্যক্রম বিঘ্নিত হওয়ায় গবেষণার সময়সীমা জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ➢ অধ্যাপক ড. আবু ইউসুফ এর প্রেরিত সম্প্রতি গবেষণা কার্যক্রমের প্রতিবেদনের সার সংক্ষেপ নিম্নরুপ : ১) ফার্মেন্টেশন প্রক্রিয়ায় ৩০° সে. তাপমাত্রায় Alcohol yield পাইলট প্লান্টে (গবেষণা কাজে ব্যবহৃত) ৫.৬% (v/v) হতে ৬.৬০২% (v/v) হয়েছে। ২। ফার্মেন্টেশন প্রক্রিয়ায় ০.২ vvm এয়ারেশনে Alcohol এর increment পাইলট প্লান্টে (গবেষণা কাজে ব্যবহৃত) ৩৩.৮৫% হয়েছে। বর্ণিত ১ ও ২ এর ফলাফল দ্বারা গবেষণা কাজ সফলতার দিকে এগিয়েছে বলে গবেষকগণ মত প্রকাশ করেছেন। ➢ **এসএমই ফাউন্ডেশন :** Development of SMEs in Bangladesh: Lessons From German Experiences শীর্ষক গবেষণা কর্মটি চূড়ান্ত মুদ্রণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ২৩ অক্টোবর ২০২০-এ অনলাইন প্লাটফরম (zoom)-এ 'Dissemination & Launching of the Book' শীর্ষক অনুষ্ঠানে গ্রন্থটির মোড়ক উন্মোচন করা হয়েছে। অন্যান্য গবেষণাসমূহের প্রকাশনা আকারে বের হওয়ার কার্যক্রম চলমান রয়েছে।	
১২.	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা **(নির্দেশনা নং-১২)**	২০/৭/২০১৪ খ্রি.	"ঠাকুরগাঁও চিনিকলে পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি গত ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। মেয়াদ : জুলাই ২০১৩ হতে জুন ২০২১।	• অনুমোদিত প্রকল্প ব্যয় ৪৮৫৬২.০০ লক্ষ টাকা। • ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বরাদ্দ ২৫.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৩৯৬.৫৬ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ৩.১০% এবং বাস্তব ১৭%। **প্রকল্পের বর্তমান অবস্থা :** Thakurgaon Sugar Mills (TSM) এর ৩টি প্যাকেজ TSM-1এর জন্য গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ও TSM-2এবং TSM-3এর জন্য গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গৃহীত দরপত্র বাতিল করার প্রেক্ষিতে ১০ মার্চ ২০১৯ তারিখে পুনরায় ৫ম বার দরপত্র আহ্বান করা হয়।প্রাপ্ত দরপত্র মূল্যায়ন গ্রহণযোগ্য না হওয়ায় স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত ০১ মে ২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনের কতিপয় পর্যবেক্ষণের ওপর প্রয়োজনীয় জবাব ২২ সেপ্টেম্বর ২০২০	বিএসএফআইসি

				তারিখে প্রেরণ করা হয়েছে। সর্বশেষ গত ১৪/১২/২০২০ তারিখে প্রকল্পটির ওপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	
১৩.	শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ **(নির্দেশনা নং-১৩)**	১২/৪/২০০৯ খ্রি.		**শিল্প মন্ত্রণালয়** : ৪৭টি পদের লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে চূড়ান্ত নিয়োগপত্র গত ২৩/১০/২০১৯ তারিখে জারি করা হয়। নির্ধারিত ০৭/১১/২০১৯ তারিখের মধ্যে ৪৬ জন যোগদান করেছেন। পদোন্নতির মাধ্যমে এবং পিএসসি'র মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ পূরণের কার্যক্রম চলমান আছে। **বিসিআইসি :** (ক) পদোন্নতির মাধ্যমে নিয়োগ - ১০০৮ জন : কর্মকর্তা (পরিচালক-২ +সিনিয়র জিএম-২১+জিএম-৫৯ + ডিজিএম-১২০+ব্যবস্থাপক-৭৮ + উপ-ব্যবস্থাপক-৩০৩) ৫৮৩ সরাসরি (১০০%) পদোন্নতিযোগ্য এবং সহ: ব্যবস্থাপক-১৬৫ (৫০%) ও সহ: কর্মকর্তা-২৬০ (৫০%)= ১০০৮ পদোন্নতিযোগ্য। (খ) সরাসরি নিয়োগযোগ্য -(১৬৪+২৬০)-=৪২৪ জন (৫০%) : (১) ১৩-০৬-২০১৭খ্রি. ১৫৬ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম : ৯ম গ্রেডে টেকনিক্যাল পদে ১৮ জন এবং নন-টেকনিক্যাল পদে ৮৭ জন, ১০ম গ্রেডে টেকনিক্যাল পদে ২২ জন এবং নন-টেকনিক্যাল পদে ২৯ জন সহ সর্বমোট ১৫৬ জন কর্মকর্তা নিয়োগের জন্য ১৩-০৬-২০১৭ তারিখ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির বিপরীতে চূড়ান্তভাবে নির্বাচিত ১৬১ জন (১০৮ জন ৯ম গ্রেড এবং ৫৩ জন ১০ম গ্রেড) নির্বাচিত প্রার্থীর মধ্যে ১৫৮ জনের পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তিতে নিয়োগ প্রদান করা হয়েছে। ১(এক) জনের পুলিশ ভেরিফিকেশনে আপত্তি করায় তাকে পদায়ন করা হয়নি। অবশিষ্ট ২ জন কর্মকর্তার পুলিশ ভেরিফিকেশন পাওয়ার পর নিয়োগপত্র প্রদান করা হবে। (২) ২৪-০৯-২০১৮ খ্রি. ১৩০ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম : ৯ম গ্রেডের টেকনিক্যাল পদে ৬৫ জন ও নন-টেকনিক্যাল পদে ৫ জন এবং ১০ম গ্রেডে টেকনিক্যাল পদে ৪১ জন ও নন-টেকনিক্যাল পদে ১৯ জন সর্বমোট ১৩০ জন কর্মকর্তা নিয়োগের জন্য গত ২৪-০৯-২০১৮ তারিখ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির বিপরীতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে। পুলিশ ভেরিফিকেশন সম্পন্নের পর তাদের নিয়োগপত্র প্রদান করা হবে। উল্লেখ্য, নিয়োগ কার্যক্রমে মোট প্রেরিত ৩৪২টি ভি.আর. ফরমের মধ্যে ১৮৯টি ফেরত এসেছে এবং ১৫৩টি ফেরত আসেনি। (৩) কর্মচারী ও শ্রমিক নিয়োগের গৃহীত কার্যক্রম : কর্মচারী ও শ্রমিক (২৫০৯+২০৫৫) ৪৫৪৬টি শূন্য পদের বিপরীতে ২৯৭৮ জন দৈনিক ভিত্তিক(No work no pay) এবং ১১৬১ জন আনসার আউট সোর্সিং এর মাধ্যমে অর্থাৎ মোট (২৯৮১+১১৬১) ৪১৪২জন নিয়োজিত আছে। সংস্থাধীন পে-অফ কারখানাসমূহ হতে রিট পিটিশনকারী ১৪৫৯ জনের মধ্যে এ পর্যন্ত ৯৬৪ জন কর্মকর্তা/ কমর্চারী/শ্রমিককে পুন:বহাল করা হয়েছে। পুন:বহালকৃত কর্মচারীগণকে প্রধান কার্যালয়সহ কারখানাসমূহের শূন্যপদের বিপরীতে নিয়োজিত করা হয়েছে। তাছাড়া, ডেলিগেশন পাওয়ারঅনুযায়ী কারখানাসমূহে ১২-২০তম গ্রেডের কর্মচারী নিয়োগের জন্য কারখানা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা

				বিসিক : ▪ ৬ষ্ঠ গ্রেডে উপ-ব্যবস্থাপক ও সমমান পদে ২৭-০৮-২০২০ তারিখে ১৬জন কর্মকর্তাকে নিয়োগ দেয়া হয়েছে। ১৬-০৯-২০২০ তারিখে ১৬জন কর্মকর্তা যোগদান করেছেন। ▪ ৬ষ্ঠ গ্রেডে উপ-ব্যবস্থাপক ও সমমান পদে ১২-১০-২০২০ তারিখে ৬জন কর্মকর্তাকে নিয়োগ দেয়া হয়েছে। ১৫-১০-২০২০ তারিখে ৬জন কর্মকর্তা যোগদান করেছেন। **বিটাক :** বিটাকে নিয়োগযোগ্য ৩২টি পদের মধ্যে ২৩টি পদ পূরণের জন্য গত ২০-১১-২০২০ এবং ২১-১১-২০২০ তারিখে লিখিত ও ব্যবহারিক পরীক্ষা বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বি-কেটিটিসি), মিরপুর রোড, দারুস-সালাম (টেকনিক্যাল মোড়), ঢাকায় অনুষ্ঠিত হয়। ২২-১১-২০২০ এবং ২৩-১১-২০২০ তারিখে বিটাক-এ মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন শেষে গত ২৯-১১-২০২০ তারিখ নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে এবং সকল কর্মচারী ইতোমধ্যে যোগদান করেছেন। এছাড়া অবশিষ্ট ৯টি শূন্য পদে নিয়োগের কার্যক্রম চলছে। **বিএসএফআইসি :** করোনাভাইরাসের প্রাদুর্ভাব এর কারণে সংস্থার শূন্য পদে নিয়োগ আপাতত বন্ধ আছে তবে সংস্থার পদোন্নতির মাধ্যেমে পূরণযোগ্য শূন্য পদসমূহ পূরণের কার্যক্রম চলমান। **ডিপিডিটি :** অধিদপ্তেরের শূণ্য পদ পূরণ সংক্রান্ত কার্যক্রম নিম্নরুপ: শূণ্য পদের সংখ্যাঃ ৪২ টি ● ৩য় ও ৪র্থ শ্রেণির ৬টি পদে ইতোমধ্যে ০৬ জন কর্মচারী যোগদান করেছেন। ● ৩য় ও ৪র্থ শ্রেণির ১২ টি শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে গত ১৯-০৭-২০২০ খ্রি: তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। পরীক্ষা গ্রহণের লক্ষ্যে অনুমতি চাওয়ায় শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৭৫.১১.০০১.০০৮.১৮-১৩৩, তারিখ: ০৯/১২/২০২০ এর মাধ্যমে কোভিড-১৯ পরিস্থিতির কারণে পরীক্ষা স্থগিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ● ১টি এসিস্ট্যান্ট প্রোগ্রামার, ১টি প্রোগ্রামার, ৭টি ১ম শ্রেণীর এক্সামিনার, ১টি পরীক্ষক (ডিজাইন) এর শূন্য পদে নিয়োগের জন্য কার্যক্রম চলছে। ● ইতোমধ্যে ৩য় শ্রেণির পদোন্নতিযোগ্য ০৭টি পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য অন্যান্য শূণ্য পদে পদোন্নতি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। **বিএসটিআই :** বিএসটিআই'র অনুমোদিত পদ ৬৬৪ টি। বতর্মানে অনুমোদিত পদ ২৪১ টি শূন্য। শূন্য পদসমূহ নিয়োগবিধির আলোকে পর্যায়ক্রমে পূরণের পদক্ষেপ নেয়া হয়েছে। পদোন্নতিযোগ্য শূন্য পদসমূহ পূরণের জন্য ১০-০৯-২০২০ তারিখে পদোন্নতি সংক্রান্ত সিলেকশন বোর্ডের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার মাধ্যমে মোট ২৬ কমকর্তাকে বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪থ শ্রেণির ৩৬ টি পদ পূরণের জন্য আবেদনপত্র গ্রহণ ও বাছাইয়ের জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেডকে দায়িত্ব প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া, বিএসটিআই'র সাংগঠনিক কাঠামো অনুযায়ী ৯ম, ১১শ ও ২০তম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য ৮৯ টি শূন্য পদে নিয়োগের ছাড়পত্র পাওয়া গেছে।	

				শীঘ্রই নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। **বিএসইসি :** বিএসইসি প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে প্রথম শ্রেণির উর্ধ্বতন কর্মকর্তার (হিসাব, কারিগরী এবং সাধারণ) ১৪ (চৌদ্দ) টি পদে নিয়োগের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ নিয়োগ কার্যক্রম গ্রহণের অনুমতির বিষয়ে ছাড়পত্র প্রদানের অনুরোধ জানিয়ে শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে, মন্ত্রণালয় হতে ২১/১০/২০২০ তারিখ ছাড়পত্র পাওয়া গেছে। অনলাইনে আবেদন গ্রহণের নিমিত্ত টেলিটক বাংলাদেশ লি: এর সাথে চুক্তি করার লক্ষ্যে পত্র প্রেরণ করা হলে টেলিটক বাংলাদেশ লি: সম্মতি জানিয়েছে। টেলিটক বাংলাদেশ লি: সাথে এখন চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় কার্যক্রম চলছে। **বিএবি:** বিএবি'র ৪১তম বোর্ড সভার সিদ্ধান্ত ৩ (ক) এর আলোকে বিএবি'র জনবল নিয়োগের জন্য গঠিত কমিটি নতুন সৃজিত বিভিন্ন গ্রেড/শ্রেণি/পর্যায়ের ২০টি পদসহ (অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন) ০৫টি শূন্য পদে আইন/বিধি মতে একইসাথে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। **বিআইএম:** মোট ৫৫টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। পরবর্তী কার্যক্রম চলছে। **এনপিও :** মোট শূন্যপদ ১১টি, এর মধ্যে সরাসরি ৯টি, পদোন্নতির মাধ্যমে ২টি। সরাসরি পূরণযোগ্য: ৯ম গ্রেডের শূন্য ২টি শূন্য পদ পূরণের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে পিএসসি-তে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১২তম গ্রেডের ২টি এবং ১৩তম গ্রেডের ১টি পদ পদোন্নতি দেয়ায় শূন্য হয়েছে। ১৬তম গ্রেডের ১টি পদ পূরণের ছাড়পত্র পাওয়া গেছে। ১৪তম গ্রেডের ১টি ও ১৬তম গ্রেডের ৩টি পদসহ মোট ৪টি পদে নিয়োগের লিখিত পরীক্ষা ৩০-১০-২০২০ গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু গত ১৯-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত ডিপিসি সভার সিদ্ধান্ত মোতাবেক উহা স্থগিত করা হয়। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য: ৬ষ্ঠ গ্রেডে যুগ্ম পরিচালকের ১টি পদে পদোন্নতির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। **প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় :** প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে অনুমোদিত পদের সংখ্যা ১৪৪ টি, কর্মরত রয়েছে ৪১ জন। শূন্য পদের সংখ্যা ১০৩ টি , যার মধ্যে ১০১ টি পদ সরাসরি নিয়োগযোগ্য। উপ-প্রধান বয়লার পরিদর্শক (গ্রেড-৬) পদ সংখ্যা - ০৭ টি : বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক গত ০৯/১২/২০১৯ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উপপরিচালক , সহকারি পরিচালক, প্রোগ্রামার ও হিসাবরক্ষক পদগুলো নিয়োগবিধি সংশোধন সাপেক্ষে পূরণ করা হবে। বয়লার পরিদর্শক : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গত ১৭/০৮/২০২০ তারিখ 'বয়লার পরিদর্শক' পদে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলছে। অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬): ০২টি শূন্য পদ পূরণের কার্যক্রম	

				চলছে।। ড্রাইভারের-৬টি শূন্য পদ : গাড়ী ক্রয়ের পর ড্রাইভার (গ্রেড-১৬) এর ০৬টি শূন্য পদ পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। অফিস সহায়ক :"অফিস সহায়ক" (গ্রেড-২০) এর শূন্য পদগুলো পূরণের জন্য গত ০৭/১০/২০১৯ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি জারির প্রেক্ষিতে মোট ১৬১৭২ জন প্রার্থীর আবেদন পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম চলছে। **এসএমই ফাউন্ডেশন :** সহকারী ব্যবস্থাপকের ৩০টি শূন্যপদের বিপরীতে ০৭ জন কর্মকর্তাদের নিয়োগের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ ডিপার্টমেন্ট এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণ শেষে ৫৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষায় গ্রহণ সম্পন্ন হয়েছে। অত:পর মৌখিক পরীক্ষা শেষে চূড়ান্তভাবে ০৭ জন প্রার্থীকে নিয়োগের উদ্দেশ্যে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। নতুন কর্মকর্তাবৃন্দ ০২ ফেব্রুয়ারি ২০২০ এ যোগদান করেছেন। এছাড়া জনসংযোগ শাখায় সৃষ্ট ০১ জন শূন্যপদের বিপরীতে ০১ জন সহকারী মহাব্যবস্থাপককে চূড়ান্ত যাচাই-বাছাই শেষে নিয়োগ প্রদান করা হয়েছে। ‡ নতুন ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে।	
১৪.	সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা- জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার **(নির্দেশনা নং-১৪)**	১২/৪/২০০৯ খ্রি.	**বিএসইসি** : বিএসইসি'র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ করা হচ্ছে। প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) এর কারখানার মান সম্মত ও পর্যাপ্ত সংখ্যক গাড়ি সংযোজনের জন্য একটি নতুন অটোমেটিক সংযোজন কারখানা স্থাপন কাজ চলছে।	**বিএসইসি** : "র‍্যাব ফোর্সেস-এর আভিযানিক সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পে ৩০০০০-৪০০০০ সিসি সম্বলিত ৬ দরজা বিশিষ্ট এসইউভি মডেলের জীপ গাড়ির পরিবর্তে র‍্যাব ফোর্সেস-এর চাহিদা মোতাবেক অন্যান্য সুযোগ সুবিধাসহ ৫-দরজা বিশিষ্ট ৭ আসনের ২৯৭২ সিসির, মিতসুবিসি পাজেরো ভি-৬ এসইউভি জীপ, মডেল কোডঃ V93WLRXVQR তাদের বাজেট বরাদ্দের মধ্যে রেখে সরবরাহ নেয়ার জন্য গত ০৩-১২-২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল) এর উৎপাদিত/সংযোজিত মোটর সাইকেল স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় ডিপিএম এ ক্রয়ের অনুরোধ জানিয়ে শিল্প মন্ত্রণালয়ে গত ১৮/১১/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এবিএল এর উৎপাদিত/সংযোজিত মোটর সাইকেল পিপিআর ৭৬(১)(ছ) অনুযায়ী যাতে ডিপিএম এ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীন সরকারি দপ্তর, পরিদপ্তর, অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ ক্রয় করে এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ২০-০৯-২০২০ তারিখ শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১১-১০-২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কে অনুরোধ করা হয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ গত ১৫-১০-২০২০ তারিখে এবিএল-এর উৎপাদিত/সংযোজিত মোটরসাইকেল পিপিআর ৭৬(১)(ছ) অনুযায়ী ডিপিএম এ ক্রয়ের জন্য নির্দেশনা প্রদান করেছে। বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠান (ডেসা, ডেসকো, বিআরইবি, বিপিডিবি, ওয়েস্ট জোন পাওয়ার কোম্পানি, ওয়াসা, গ্যাস কোম্পানি ইত্যাদি) এর সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। দেশের গাড়ীর চাহিদা বিবেচনা করে এবং পিআইএল'র সংযোজন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি আধুনিক অটোমেটিক এ্যাসেম্বলিং কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কারখানায় সর্বাধুনিক প্রযুক্তির পেইন্টসপ, বডি সপ, প্রেস সপ, মেশিন সপ, এ্যাসেম্বলী ও	শিল্প মন্ত্রণালয়/ বিএসইসি ও অন্যান্য দপ্তর/ সংস্থা

				সাব-এ্যাসেম্বলী লাইন, চেসিস লাইন, ট্রিম লাইন, ফাইনাল লাইন, মাননিয়ন্ত্রন বিভাগ, গবেষণা এবং উন্নয়ন সেল, বাস ও ট্রাকসপ ইত্যাদিসহ ২টি উৎপাদন লাইন যেমন - (ক) জীপ/পিক-আপ/সেডান কার ও (খ) বাস/ট্রাক থাকবে। প্ল্যান্টের লে-আউট প্ল্যান, ডিটেইলস ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ও প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা সমেত একটি পূর্ণাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন তৈরী করার জন্য Bokamoso Asset Management T/A Automotive Investment Holdings (AIH), South Africa এবং Eusuf And Associates (Pvt.) Ltd, Bangladesh কে পরামর্শক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। প্রতিষ্ঠানটি Inception ও Commercial Study Report প্রদান করেছে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মে/২০২০ মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (Feasibility Study Report) দাখিল করার কথা থাকলেও কোভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশে আসতে না পারায় নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে পারেনি। গত ০৯-১১-২০২০ তারিখে AIH এর বিশেষজ্ঞ দল বাংলাদেশে আসে। তারা ১০-১১-২০২০ হতে ১৬-১১-২০২০ তারিখ পর্যন্ত বুয়েট, চুয়েট ও পিআইএল'র বিশেষজ্ঞ প্রতিনিধির নিকট তাদের কারিগরী প্রতিবেদনের খসড়া উপস্থাপন করে এবং গত ১৭-১১-২০২০ তারিখে চেয়ারম্যান, বিএসইসি'র উপস্থিতিতে উপস্থাপন করে। বুয়েট, চুয়েট ও পিআইএল'র বিশেষজ্ঞ প্রতিনিধি AIH কর্তৃক উপস্থাপিত খসড়া প্রতিবেদনটি পিআইএল-এর চাহিদা অনুযায়ী তথ্যাদি প্রদর্শন করতে না পারায় পরবর্তীতে পূর্ণাঙ্গ আকারে প্রতিবেদন দাখিল করবে বলে AIH পিআইএল-কে অবহিত করে। উক্ত প্রকল্প বাস্তবায়িত হলে আধুনিক মানের কারখানায় উন্নীত হওয়া সম্ভব হবে এবং কোয়ালিটি সম্পন্ন ও ওয়াল্ড স্ট্যান্ডার্ড অনুযায়ী গাড়ী উৎপাদন করা সম্ভব হবে। এক্ষেত্রে, পার্টস ডিলেশন মেথড-এ পর্যায়ক্রমে স্থানীয়ভাবে গাড়ী উৎপাদনের অভিষ্ঠ লক্ষ্য অর্জন করা সম্ভব হবে বলে আশা করা যায়। **বিএসএফআইসি :** ➢ চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। ➢ আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষিদের মধ্যে বিতরণ করা হয়। পদ্মা অয়েল কোং লি. হতে কীটনাশক ক্রয় করা হয়। ➢ চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি., বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়। ➢ নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়। ➢ BSFIC নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।	
			বিএসএফআইসি : করপোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।		
১৫.	মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmacutical	১২/৪/২০০৯ খ্রি.	‡ মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলাধীন বাউসিয়া এলাকায় ২০০.১৬ একর জমির উপর প্রাথমিকভাবে ২১৩ কোটি টাকা ব্যয়ে এপিআই শিল্পপার্ক প্রকল্পটি স্থাপিত হয় এবং ৩য় সংশোধিত প্রকল্পটি গত ১৬ জানুয়ারি	• অনুমোদিত প্রকল্প ব্যয় ৩৮১০০.০০ লক্ষ টাকা। • ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বরাদ্দ ৩০০০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৫৮২১.৫৬ লক্ষ টাকা। ▪ অগ্রগতির হারঃ আর্থিক ৮৬% (জিওবি) এবং বাস্তব অগ্রগতি ৮৮%।	বিসিক

	s Ingredients (API) শিল্প পার্ক স্থাপন **(নির্দেশনা নং-১৫)**		২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬ নভেম্বর ২০১৮ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করেছেন। মেয়াদ: জানুয়ারি ২০০৮ হতে - জুন ২০২১	**<u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u>** ▪ প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন, বাউন্ডারী ওয়াল,সোল্ডারিংসহ রাস্তা, সারফেস ড্রেন, ক্রস ড্রেন/কালভার্ট নির্মাণ, প্রশাসনিক ভবন, বিদ্যুৎ লাইন, ফায়ার স্টেশন, ফায়ার স্টেশনের জন্য ওয়াটার রিজার্ভার (২টি), ফায়ার ফাইটিং এরেঞ্জমেন্ট, পুলিশ ফাঁড়ি, পাম্প ড্রাইভার কোয়ার্টার (২টি), পানি সরবরাহ পাইপ লাইন, গভীর নলকূপ স্থাপন (২টি) ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ▪ প্রকল্পের সিইটিপি,ইনসিনারেটর ও ডাম্পিং ইয়ার্ড বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির উদ্যোগে ও অর্থায়নে নির্মাণের জন্য বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি (বিএপিআই) কর্তৃক গঠিত “API Industrial Park Services Ltd.” কোম্পানি নামে একটি কোম্পানি গঠন করেছে। গত ২৫-০৩-২০২০ তারিখে সিইটিপি নির্মাণে নিয়োজিত ভারতীয় ঠিকাদারী প্রতিষ্ঠান “Ramky Environment Services Ltd.” এর সাথে চুক্তি সম্পাদন করে। চুক্তি মোতাবেক উক্ত প্রতিষ্ঠানকে সিইটিপি ইনসিনারেটর ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণের জন্য নির্ধারিত জায়গা বুঝিয়ে দেওয়া হয়েছে। ইতোমধ্যে নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মাণ কাজ শুরু করেছে এবং কাজটি চলমান রয়েছে। ▪ প্রকল্পের মেইন আউটলেট ড্রেন নির্মাণ কাজ ৪০% সম্পন্ন হয়েছে। তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: কর্তৃক গ্যাস সরবরাহ লাইনের টেন্ডার আহ্বান করা হয়েছে। মূল্যায়ন কাজ শেষ হয়েছে। পরবর্তী কার্যক্রম চলছে।	
১৬.	চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ **(নির্দেশনা নং-১৬)**	১২/৪/২০০৯ খ্রি.	• "চামড়া শিল্প নগরী, ঢাকা" প্রকল্পের ৪র্থ সংশোধিত ডিপিপি গত ২৪/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে অনুমোদিত হয়েছে। • চামড়া ও চামড়াজাত শিল্পের বিকাশে হাজারীবাগস্থ ট্যানারি শিল্প সাভারস্থ চামড়া শিল্পনগরীতে স্থানান্তর কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ পর্যন্ত ১২৩টি ট্যানারি প্রতিষ্ঠান উৎপাদন কাজ শুরু করেছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬ নভেম্বর ২০১৮ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করেছেন। মেয়াদ: জানুয়ারি ২০০৩ হতে জুন ২০২১	• অনুমোদিত প্রকল্প ব্যয় ১০১৫৫৬.০০ লক্ষ টাকা। • ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বরাদ্দ ৭৫০০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯০১৯১.৫৬ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ৮৯% এবং বাস্তব ৯৯%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u>** • প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন, প্রশাসনিক ভবন (১ম ও ২য় পর্ব), পুলিশ ফাঁড়ি, পাম্প ড্রাইভার কোয়ার্টার, প্রবেশ সড়ক, ড্রেন-কালভার্ট, পানি সরবরাহ পাইপ লাইন, কেন্দ্রীয় পানি সরবরাহ ব্যবস্থা, বিদ্যুৎ লাইন, গ্যাস লাইন, রিজার্ভার (২টি), সাব স্টেশন ও জেনারেটর স্থাপন, শিল্প নগরীর বাউন্ডারী ওয়াল ও কমন ইউটিলিটিজ এরিয়ার বাউন্ডারী ওয়াল নিমার্ণ কাজ ইতোমমধ্যে সম্পন্ন হয়েছে। • সাইন বোর্ডসহ মেইনগেট ১০০% সম্পন্ন হয়েছে, স্ট্রিট লাইট স্থাপন ৯৯%, সিসিটিভি স্থাপন ৯৯%, লিফট স্থাপন ১৫%, ইলেকট্রিক ফ্লোমিটার স্থাপন ৬৫%, অভ্যন্তরীণ রাস্তা নিমার্ণ ১০০% সম্পন্ন হয়েছে। • ডাম্পিং ইয়ার্ড নির্মাণ ২টির মধ্যে একটির কাজ ৯০% ও অপরটির কাজ ৭৭% সম্পন্ন হয়েছে। • ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মাধ্যমে এ ক্যাটাগরির ফায়ার স্টেশন ও যন্ত্রপাতি স্থাপনের কাজ চলমান রয়েছে। সিভিল ওয়ার্ক এর কাজ ৯০%। আমদানিকৃত যন্ত্রপাতি এখনো এসে পৌছায়নি। ডিসেম্বরের মধ্যে সব কাজ শেষ হবে। • প্রকল্পের আওতায় ল্যাবের Automation এর কাজ শেষ পর্যায়ে রয়েছে।	বিসিক

১৭.	বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (৫ জেলা) **(নির্দেশনা নং-১৭)**	১২/৪/২০০৯ খ্রি.	• ৫ (পাঁচ) টি জেলা যথা: (১) ফরিদপুর, (২) রংপুর, (৩) ময়মনসিংহ, (৪) কক্সবাজার ও (৫) কুমিল্লায় বিএসটিআই এর আঞ্চলিক অফিস সম্প্রসারন ও শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ৩য় সংশোধিত প্রকল্পটি গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। মেয়াদ **:** জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯।	• অনুমোদিত প্রকল্প ব্যয় ৫১৪৪.৫০ লক্ষ টাকা। • বাস্তবায়ন মেয়াদকালঃ জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। • ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ ৭৭০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৮৫৯.১৬ লক্ষ টাকা। • অগ্রগতির হার : আর্থিক ৯৪.৪৫%, বাস্তব ১০০%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u>** প্রকল্পের আওতায় নির্ধারিত ভবনসমূহের নির্মাণকাজ প্রায় সমাপ্ত হয়েছে। ল্যাবরেটরিসমূহের যন্ত্রপাতি সংগ্রহের কার্যক্রম চলছে। ফরিদপুর কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কেন্দ্রটি উদ্বোধন করেছেন। এছাড়া, প্রকল্পের আওতায় কক্সবাজারে নির্মিত অফিস ভবন গত ০৪ জুলাই ২০১৯ তারিখ শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উদ্বোধন করেছেন। <u>প্রকল্পটির ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত হয়েছে।</u> **মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনাটি বাস্তবায়িত হয়েছে বিধায় এটি বাস্তবায়নাধীন তালিকা হতে বাদ দেয়ার অনুরোধ জানিয়ে গত ২৩ মার্চ ২০২০ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু প্রধানমন্ত্রীর কার্যালয় হতে এ বিষয়ে এখনও কোন নির্দেশনা পাওয়া যায়নি।**	বিএসটিআই।
১৮.	কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ **(নির্দেশনা নং-১৮)**	১২/৪/২০০৯ খ্রি.	কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ কাযক্রম গ্রহণ করা হয়েছে।	কৃষি ও খাদ্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণে গৃহীত কার্যক্রম: বিএসটিআই কৃষি ও খাদ্যজাত পণ্য প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রসেস ফুডের মান নিয়ন্ত্রণ কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। বিএসটিআই মান সনদের আওতাভুক্ত বাধ্যতামুলক ১৮৪ টি পণ্যের মধ্যে কৃষি ও খাদ্যজাত পণ্যসহ (বাটার, কনডেন্সড মিল্ক, হানি, চকোলেট, আইসক্রিম, চানাচুর, কেক ইত্যাদি) মোট পণ্যের সংখ্যা ৭৬টি। যার মধ্যে কৃষিপণ্য ৪টি ও খাদ্যজাত পণ্য ৭২টি। উক্ত কার্যক্রমের আওতায় গত জানুয়ারি ২০২১ মাসে বিএসটিআই গৃহীত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ: • মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা: ৭৪টি • কারখানার বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের: ৯৬টি • জরিমানা আদায়: মোট ২৮.৫২ লক্ষ টাকা • পরীক্ষার জন্য সার্ভিল্যান্সের মাধ্যমে নমুনা সংগ্রহ: ২৪১টি করোনা পরিস্থিতিতে মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে সকল উৎপাদক ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে সতর্ক করার লক্ষ্যে বিজ্ঞাপন প্রচার করা হয়েছে/হচ্ছে। পাশাপাশি ভোক্তা সাধারণের জন্য নিরাপদ ও মানসম্পন্ন খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিএসটিআইয়ের জরুরি সেবা কার্যক্রম এবং আমদানিকৃত পণ্যের নমুনা সংগ্রহ, পরীক্ষণ ও লাইসেন্স/ছাড়পত্র প্রদান সংক্রান্ত সেবা অব্যাহত রাখা হয়েছে।	বিএসটিআই।
১৯.	বন্ধঘোষিত কল কারখানা পুনঃ চালুকরণ **(নির্দেশনা নং-১৯)**	১২/৪/২০০৯ খ্রি.		**(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :** নির্দেশনার ০৮(২) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(২) নর্থ বেংগল পেপার মিলস্ লি. :** নির্দেশনার ০৮(৫) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(৩) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. (কেএনএম) :** প্রতিশ্রুতির ৭নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(৪) ঢাকা লেদার কোম্পানি লি. :**	বিসিআইসি

			বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা : ● মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৬ আগষ্ট ২০১৫ তারিখে 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID)' এর সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ঢাকার মিরপুরস্থ BISFL কে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। ● উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজয়পুরস্থ সাদামাটি প্রকল্পের উদ্ভূত সমস্যা সমাধান করতঃ বর্তমান বাজার চাহিদার আলোকে গাজীপুরের খিলগাঁও নারায়নকূল মৌজায় প্রায় ৪২ একর জমি নির্ধারণ করা হয়েছে	নির্দেশনার ০৮(৪) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(৫) বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা।** বিআইএসএফ কারখানাটি অন্য কোথাও স্থানান্তরের বিষয়ে গঠিত কমিটি আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া প্রণয়ন করেছে। ●খসড়া সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ওপর মতামতের জন্য সংস্থার সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট প্রেরণ করা হয়েছে। ●তন্মধ্যে তিনটি বিভাগ থেকে মতামত পাওয়া গেছে। অন্যান্য বিভাগের মতামত পাওয়া গেলে পর্যালোচনা করে চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা সম্ভব হবে। ●পাশাপাশি বিআইএসএফ-কে ৩/৪ বছর চালু রাখার জন্য আরএপি (Rehabilitation Action Plan) প্রণয়ন করা হচ্ছে।	
২০.	চিনি আমদানি : বিএসএফআইসি বেসরকারী খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে। **(নির্দেশনা নং-২০)**	১২/০৪/২০০৯		● অনুমোদিত ১ লক্ষ (°১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ইতোমধ্যে ১০৭৭৯২.৭৯০ মে.টন চিনি আমদানি করা হয়। সমুদয় চিনি বিক্রয় করা হয়েছে। ● শিল্প মন্ত্রণালয় হতে ২৩ জানুয়ারি ২০২০ তারিখের পত্রের মাধ্যমে ১.০০ লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)-কে বলা হয়। সে অনুযায়ী বিএসএফআইসি এ বিষয়ে ২৯.০১.২০২০ তারিখে দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করে। ১৪-০৩-২০২০ তারিখে দরপত্র গ্রহণ করা হয়। কিন্তু সংস্থার অর্থ সংকট থাকায় এবং কোনভাবেই অর্থের সংস্থান করতে না পারায় উক্ত ক্রয় কার্যটি সম্পন্ন করা সম্ভব হয়নি। ● পূর্বের আমদানিকৃত সমুদয় চিনি (১০৭৭৯২.৭৯০ মে. টন) বিক্রয় হয়ে যাওয়ায় এবং সংস্থার অর্থ সংকটের কারণে নতুনভাবে চিনি আমদানি করা সম্ভব নয় বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করে চলমান তালিকা থেকে বাদ দেয়ার জন্য শিল্প মন্ত্রণালয় হতে গত ২৭/১০/২০২০ তারিখের ৩৬.০৪.০০০০. ০৫১. ১৬.০০৮.২০-৫২২ নং স্মারকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অনুরোধ জানানো হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে এখনও কোন নির্দেশনা পাওয়া যায়নি।	বিএসএফআইসি
২১.	চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা **(নির্দেশনা নং-২১)**	১২/০৪/২০০৯	● "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারী স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক ১ম সংশোধিত প্রকল্প বাস্তবায়নাধীন আছে ● বাস্তবায়ন মেয়াদকালঃ ফেব্রুয়ারি ২০১৪ হতে জুন ২০২১ পর্যন্ত।	● অনুমোদিত প্রকল্প ব্যয় ৩২৪১৮.০০ লক্ষ টাকা। ● ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বরাদ্দ ২৫.০০ লক্ষ টাকা। ● প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৭৩.৪১ লক্ষ টাকা। ● অগ্রগতির হারঃ আর্থিক ৩% এবং বাস্তব ১৬%। **প্রকল্পের বর্তমান অবস্থা :** ➢ North Bengal Sugar Mills (NBSM) এর ২টি প্যাকেজ NBSM-1 এর জন্য গত ১৩-০৯-২০১৮ তারিখ ও NBSM-2 এর জন্য গত১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গৃহীত দরপত্র বাতিল করার প্রেক্ষিতে ১০ মার্চ ২০১৯ তারিখে ৫ম বার পুনরায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত দরপত্র মূল্যায়ন গ্রহণযোগ্য না হওয়ায় স্টিয়ারিং কমিটির সভার	বিএসএফআইসি

				সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত গত ৩০ এপ্রিল, ২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনের কতিপয় পর্যবেক্ষণের ওপর প্রয়োজনীয় জবাব ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। সর্বশেষ গত ০৩/০১/২০২১ তারিখে প্রকল্পটির ওপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	
২২.	র-সুগার আমদানি **(নির্দেশনা নং-২২)**	১২/৪/২০০৯ খ্রি.		"ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" এবং "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" শীর্ষক প্রকল্পদ্বয়ের সাথে প্রতিটিতে ৪০,০০০ মে.টন বিবেচনায় মোট ৮০,০০০ মে.টন পরিশোধিত চিনি উৎপাদনের পরিকল্পনা রয়েছে। তবে বর্ণিত প্রকল্পদ্বয় বাস্তবায়িত না হওয়া পর্যন্ত র'সুগার এর প্রকল্প বাস্তবায়ন সম্ভব নয়।	বিএসএফআইসি
২৩.	রুগ্ন শিল্পের পুর্নবাসন **(নির্দেশনা নং-২৩)**	১২/৪/২০০৯ খ্রি.	প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপন ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	এ বিষয়ে গবেষণা কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।	শিল্প মন্ত্রণালয়/ বিআইএম।
২৪.	"রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে" **(নির্দেশনা নং-২৪)**	২২/০৫/২০১৮		➢ বিএসএফআইসি'র অধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান নেই। ➢ বর্তমানে ১৫টি চিনিকল ও ১টি ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানসহ মোট ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। কেরু অ্যান্ড কোং (বিডি) লি. এবং রেনউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি. প্রতিষ্ঠান দু'টো লাভজনক । ➢ অলাভজনক প্রতিষ্ঠানসমূহকে লাভজনক করার লক্ষ্যে ডাইভারসিফাইড পণ্য উৎপাদনের নিমিত্ত ঠাকুরগাঁও চিনিকল এবং নর্থবেঙ্গল চিনিকলে ২টি প্রকল্প অনুমোদনাধীন। ➢ "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি ১০-০৮-২০২০ তারিখে যাচাই কমিটি'র সিদ্ধান্তমতে বিএসএফআইসি ও বে-সরকারি বিনিয়োগকারী কর্তৃক joint venture পদ্ধতিতে বাস্তবায়নের সম্ভাব্যতা অনুসন্ধান ও তথ্য-উপাত্তের সংশোধনের জন্য বলা হয় । যা সংশোধন কাজ চলমান। ➢ কেরু অ্যান্ড কোম্পানীতে একটি আধুনিক "অনুজীব ল্যাবরেটরি স্থাপন ও কেরু ডিষ্টিলারি কারখানার জন্য একটি ইটিপি স্থাপন" প্রকল্প গ্রহণের নির্দেশনামতে ডিষ্টিলারি কারখানার জন্য ইটিপি প্রকল্প স্থাপনার কাজে কেরু ডিষ্টিলারির ইফ্লুয়েন্ট/বর্জ্য বুয়েট, ঢাকাতে অ্যানালাইসিস করার জন্য প্রদান করা হয়েছে। কিছু তথ্য পাওয়া গিয়াছে । আরও কিছু তথ্য পাওয়ার পরে ডিপিপি প্রণয়ন কাজ শুরু করা হবে। ➢ ১১টি চিনিকলে (পচিক, ঠাচিক, সেচিক, জচিক, রচিক,নবেচিক, রাচিক, কুচিক, মোচিক, ফচিক, কেরু অ্যান্ড কোঃ (বিডি) লি.) এর রাস্তা সংলগ্ন জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত আছে। ➢ এ বিষয়ে সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।	বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি
২৫.	আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব	২২/৫/২০১৮ খ্রি.	‡ "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।	➢ "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" শীর্ষক প্রকল্পে বিট থেকে চিনি উৎপাদনের প্লান্ট সন্নিবেশিত আছে। তাই বর্ণিত প্রকল্প বাস্তবায়ন সাপেক্ষে সুগারবিট থেকে চিনি আহরণের পরিকল্পনা রয়েছে। ➢ বিট চাষ বৃদ্ধির লক্ষ্যে পরীক্ষামূলকভাবে সুগারবিট চাষ করা হচ্ছে। এ চাষে বীজ সংগ্রহের জন্য বাংলাদেশ সুগারক্রপ রিসার্স ইনস্টিটিউট ঈশ্বরদী, পাবনা এর সাথে যোগাযোগ আছে। বাংলাদেশ সুগারক্রপ রিসার্স ইনস্টিটিউট ঈশ্বরদী, পাবনা হতে জানা যায় যে, বাংলাদেশের আবহাওয়ায় ট্রপিক্যাল সুগারবিট চাষাবাদ সম্ভব। সুগার বিট ব্যবহারের প্লান্ট/ক্ষেত্র না থাকায় ব্যাপকভাবে চাষাবাদ করা হচ্ছে না।	বিএসএফআইসি

	হবে। **(নির্দেশনা নং-২৫)**				
২৬.	রাজশাহী ও চট্টগ্রামে আরও ২টি চামড়া শিল্পনগরী স্থাপন **(নির্দেশনা নং-২৬)**	০৭/১১/২০১৭	বেজার মিরেরসরাই বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর হতে ১০০ একর জমিতে লেদার শিল্প পার্ক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কিন্তু রাজশাহীতে বেজার অর্থনৈতিক অঞ্চল না থাকায় বিসিক হতে পুঠিয়া উপজেলায় বেলপুকুর ইউনিয়নস্থ স্বরূপনগর ও ধাদাসভূইয়া পাড়া মৌজায় ১০০ একর জমি চিহ্নিত করা হয়েছে। একইসঙ্গে সিরাজগঞ্জ জেলার যমুনা নদীর উপর নির্মিত ব্রুসবার ৩ ও ৪ এর মধ্যবর্তী স্থানে ৮টি মৌজায় ১০৮৩.৯৭ একর জমিতে বিসিক মাল্টিসেক্টরাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, সিরাজগঞ্জ-২ নামে প্রকল্প স্থাপনের উদ্যোগ করা হয়েছে। এ প্রকল্পের অধীনে মোট ১০টি জোন থেকে রাজশাহী অঞ্চলের চামড়া শিল্প কারখানা স্থাপনের জন্য একটি ট্যানারী জোনে সংস্থান রাখা হবে।	▪ বিসিক লেদার এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাজশাহী শীর্ষক প্রস্তাবিত প্রকল্পটি ৭৭৫৩০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে ডিপিপি প্রণয়ন করে গত ২৯-০৭-২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: হতে গ্যাসের প্রাক্কলনসহ সংযোগের সম্মতিপত্রের জন্য ১৭-০৮-২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। গত ১৮-১০-২০২০ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী শিল্প পার্কে বিনিয়োগ ও শিল্প উদ্যোক্তা প্রাপ্তির সম্ভাব্যতা, প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থা, প্রাতিষ্ঠানিক সুবিধাসহ অন্যান্য বিষয়াদি যাচাইকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি শীঘ্রই এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করবে। ▪ বিসিক লেদার লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পপার্ক, মিরসরাই চট্টগ্রাম স্থাপনের নিমিত্ত ৩২২.৭০ একর জমি বরাদ্দের জমির ডাউন পেমেন্ট বাবদ মোট মূল্যের ১% আবেদন পত্রের সাথে সংযুক্ত করার শর্ত রয়েছে। ডাউনপেমেন্ট ১৬৮.০০ লক্ষ টাকাসহ জমি বরাদ্দের আবেদন করার বিষয়টি বিসিক বোর্ড সভা কর্তৃক অনুমোদন লাভ করেছে। জমি বরাদ্দের আবেদন পত্র ২৪-১২-২০১৯ তারিখে বেজা বরাবর প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ৩২২.৭০ একর জমির মূল্য ধরে ডিপিপি প্রণয়ন পূর্বক গত ০৮-০১-২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত ডিপিপি এর উপর গত ০৯-০২-২০২০ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং বিসিক কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সকল অবকাঠানোগত সুবিধাসহ বাস্তবতার নিরিখে পূর্ণাঙ্গ প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে।	বিসিক
২৭.	সাভার চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা গ্রহণ **(নির্দেশনা নং-২৭)**	০৬/১১/২০১৮	বিদ্যমান চামড়া শিল্পনগরী সংলগ্ন এলাকায় আরও ২০০ একর জমি অধিগ্রহণ করার মাধ্যমে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে যাতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা রাখা হবে।	বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা শিরোনামে জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৪ মেয়াদে ৩৫২০৩৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিপিপি প্রণয়ন করে গত ০৯-০২-২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত ডিপিপি তে শিল্পনগরীর শ্রমিকদের জন্য আবাসনের সংস্থান রাখা হয়েছে।	বিসিক
২৮.	চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ **(নির্দেশনা নং-২৮)**	০৬/১১/২০১৮	এ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার বাস্তবায়নের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-কে অনুরোধ জানানো হয়েছে।	▪ চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য প্রস্তাবিত চামড়া শিল্পনগরী, ঢাকা (৪র্থ সংশোধনী) তে অন্তর্ভুক্ত করা হলে পরিকল্পনা কমিশন গত ০৭-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় এ ধরণের প্রশিক্ষণ কার্যক্রমটি ডিপিপি থেকে বাদ দিতে নির্দেশনা প্রদান করে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। তবে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা"তে এই ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য একটি লেদার ইনস্টিটিউট করার প্রস্তাব করা হয়েছে। এজন্য শিল্পনগরীতে ২.৪১ একর জায়গার সংস্থান রাখা হয়েছে। উদ্যোক্তাদের অর্থায়নে এ প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হবে।।	বিসিক

বাস্তবায়িত নির্দেশনাসমূহ:

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
০১.	জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে।	১৮/১০/২০১৬ খ্রি.		-	বাস্তবায়িত
০২.	প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/পুকুর/লেক/ খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়।	০১/১২/২০১৫ খ্রি.		-	বাস্তবায়িত
০৩.	"দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্ঠির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"	০৫/৩/২০১৮ খ্রি.		-	বাস্তবায়িত
০৪.	যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে।	১৮/০৯/২০১৪ খ্রি.		-	বাস্তবায়িত
০৫.	শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্মসংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.		-	বাস্তবায়িত
০৬.	শিল্পের মালিকানা সরকারি, বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে।			-	বাস্তবায়িত
০৭.	মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলেটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস, মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি ফেজ-২।			-	বাস্তবায়িত
০৮.	মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন।			-	বাস্তবায়িত
০৯.	নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ।			-	বাস্তবায়িত
১০.	এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন।			-	বাস্তবায়িত

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
১১.	বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেটকে আন্তর্জাতিক ভাবে গ্রহণযোগ্য করা।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১২.	বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার।			-	বাস্তবায়িত
১৩.	হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি।			-	বাস্তবায়িত
১৪.	বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
১৫.	মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
১৬.	রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১৭.	"শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লি." এবং "নর্থ-ওয়েস্ট ফার্টিলাইজার কোম্পানি লি." শীর্ষক প্রকল্পদ্বয় গ্রহণ।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১৮.	চিনিকলসমূহে উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭ (সাত) টি চিনিকলের পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন প্রতিস্থাপন করা।			-	বাস্তবায়িত
১৯.	বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (সংশোধিত) প্রকল্প বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
২০.	কেরুজ সুগার মিলে (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অর্গানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা।			-	বাস্তবায়িত
২১.	বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প।			-	বাস্তবায়িত
২২.	সিলেট ও বরিশাল বিভাগে বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ণ প্রকল্প।			-	বাস্তবায়িত
২৩.	Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Labeling (BRESL).			-	বাস্তবায়িত
২৪.	কারখানার শ্রমিকদের চাকরির বয়স বৃদ্ধিকরণ।			-	বাস্তবায়িত
২৫.	নতুন শিল্প কারখানা স্থাপন পদক্ষেপ গ্রহণ।			-	বাস্তবায়িত
২৬.	ডিএপি সার ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা এবং এ সম্পর্কে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।			-	বাস্তবায়িত

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
২৭.	ফুড প্রসেসিং ইউনিট স্থাপন।			-	বাস্তবায়িত
২৮.	আখ চাষীদের স্বার্থ সংরক্ষণ।			-	বাস্তবায়িত
২৯.	চিনিকলের অব্যবহৃত জমি লীজ প্রদান।			-	বাস্তবায়িত
৩০.	রংপুরে শতরঞ্জি শিল্পের বিকাশের জন্য নিশবেতগঞ্জে শতরঞ্জি পল্লী স্থাপন।			-	বাস্তবায়িত
৩১.	জাতীয় শিল্পনীতি ২০১০।			-	বাস্তবায়িত
৩২.	Modernization & Strengthening of BSTI (বিএসটিআই এর আধুনিকায়ন)।			-	বাস্তবায়িত